# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


নং- বামাশিবো/প্রশাসন/কুষ্টিয়া-১৪/২১০৮/১৫

তারিখঃ ০৮/০২/২০১৮খ্রিঃ

**বিষয় ঃ "খোকসা দারুল উলুম দাখিল মাদ্রাসা"র নাম পরিবর্তন করে "আলহাজ্ব মোঃ সদর উদ্দিন খান দাখিল মাদ্রাসা" নামে নামকরণ বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্র : ১) স্মারক নং- ৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৫৫.১৭/৩৭; তারিখ: ০৬/০২/২০১৮ খ্রিঃ
২) নং বামাশিবো/প্রশাসন/কুষ্টিয়া-১৪/২০৯৪/৫; তারিখ: ০৯/০১/২০১৮ খ্রিঃ
৩) নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৫৫.১৭/৩৯০; তারিখঃ ১২ ডিসেম্বর ২০১৭খ্রিঃ
৪) স্মারক নং- ০৫.৪৪.৫০০০.০১২.৫৬.০৪০.১৭-২০৪ (যুক্ত); তারিখঃ ২৪ মে ২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার খোকসা উপজেলাধীন "খোকসা দারুল উলুম দাখিল মাদ্রাসা"র নাম পরিবর্তন করে "আলহাজ্ব মোঃ সদর উদ্দিন খান দাখিল মাদ্রাসা" নামে নামকরণের জন্য মাদরাসার সুপার প্রয়োজনীয় কাগজপত্র ও বোর্ড ফিসহ আবেদন করেন।

২) সুপারের আবেদনের সঙ্গে সংযুক্ত কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায়, মাদরাসার বর্তমান নাম পরিবর্তন করে ব্যক্তির নামে নামকরণের লক্ষ্যে ০২/১১/২০১৬ ও ০৫/১১/২০১৬ খ্রিঃ তারিখের ম্যানেজিং কমিটির সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করে ব্যক্তির নামে নামকরণ একটি গুরুত্বপূর্ণ বিষয় বিধায় অত্র দপ্তরের নং- বামাশিবো/প্রশা/কুষ্টিয়া-১৪/১৮০৮/৭; তারিখঃ ১৮/০৪/২০১৭ খ্রিঃ স্মারকে স্থানীয় প্রশাসনের মতামতের জন্য জেলা প্রশাসক, কুষ্টিয়া-কে পত্র দেওয়া হয়।

৩) পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসক, কুষ্টিয়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খোকসা, কুষ্টিয়া এর মাধ্যমে তদন্ত করিয়ে প্রতিবেদনের সাথে একমত পোষন পূর্বক সূত্রে উল্লিখিত ২নং স্মারকে প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, "খোকসা দারুল উলুম দাখিল মাদ্রাসা"র নাম পরিবর্তন করে "আলহাজ্ব মোঃ সদর উদ্দিন খান দাখিল মাদ্রাসা" নামে নামকরণের বিষয়ে স্থানীয় শিক্ষানুরাগী ও গণ্যমান্য ব্যক্তিদের শুনানী গ্রহণ পূর্বক কোন আপত্তি নেই মর্মে মতামতে উল্লেখ করা হয়।

৪) এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের নং- শাঃ ১১/বিবিধ-৩৯/৯৬/৩৫৯(৬০৫)-শিক্ষা; তারিখ ঃ ১০/০৪/২০০১ খ্রিঃ স্মারকের প্রজ্ঞাপনে দাখিল স্তরের মাদ্রাসার নাম ব্যক্তির নামে নামকরণের ক্ষেত্রে মাদ্রাসার সংরক্ষিত তহবিলে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জমা করা এবং উক্ত অর্থের তহবিল (১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি এবং (২) জেলা শিক্ষা অফিসার এর যৌথ স্বাক্ষরে পরিচালত হবে মর্মে বিধান রয়েছে। বর্ণিত বিধান অনুযায়ী মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংক, খোকসা শাখা, কুষ্টিয়ায় মাদ্রাসার সংরক্ষিত তহবিলে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জমা করা হয়েছে। ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র অনুযায়ী দেখা যায়, ১০,০৮,০৯৯/- (দশ লক্ষ আট হাজার নিরানব্বই) টাকা সংরক্ষিত তহবিলে জমা আছে এবং হিসাবটি জেলা শিক্ষা অফিসার ও সুপারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হচ্ছে।

৫) প্রতিষ্ঠানের স্বার্থে সার্বিক বিবেচনায় "খোকসা দারুল উলুম দাখিল মাদ্রাসা"র নাম পরিবর্তন করে "আলহাজ্ব মোঃ সদর উদ্দিন খান দাখিল মাদ্রাসা" নামে নামকরণের লক্ষ্যে গৃহীত সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করায় এবং শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুসরণ করায় "খোকসা দারুল উলুম দাখিল মাদ্রাসা"র নাম পরিবর্তন করে "আলহাজ্ব মোঃ সদর উদ্দিন খান দাখিল মাদ্রাসা" নামে নামকরণের অনুমতির সদয় নির্দেশনা প্রদানের জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। পত্রের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রস্থ ১নং স্মারকে "আলহাজ্ব মোঃ সদর উদ্দিন খান দাখিল মাদ্রাসা" নামে নামকরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

বর্ণিত অবস্থায় শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী কুষ্টিয়া জেলার খোকসা উপজেলাধীন "খোকসা দারুল উলুম দাখিল মাদ্রাসা"র নাম পরিবর্তন করে "আলহাজ্ব মোঃ সদর উদ্দিন খান দাখিল মাদ্রাসা" নামে নামকরণ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৮.০২.১৮

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক: সুপারিনটেনডেন্ট, আলহাজ্ব মো: সদর উদ্দিন খান দাখিল মাদ্রাসা
ডাকঘর: জানিপুর, উপজেলা: খোকসা, জেলা: কুষ্টিয়া।

নং- বামাশিবো/প্রশাসন/কুষ্টিয়া-১৪/২১০৮/১৫

তারিখঃ ০৮/০২/২০১৮খ্রিঃ

**বিতরণ ঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে-**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহা-পরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, রমনা, ঢাকা।
৩। মহা-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা **(আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত নথিতে/ফাইলে উল্লিখিত পরিবর্তিত নাম ব্যবহারের অনুরোধসহ)।**
৫। জেলা প্রশাসক, ঢাকা।
৬। পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা **(পরিবর্তিত নাম ব্যবহারের অনুরোধসহ)।**
৭। উপ-রেজিস্ট্রার কমন/প্রশাসন, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা **(পরিবর্তিত নাম ব্যবহারের অনুরোধসহ)।**
৮। উপজেলা নির্বাহী অফিসার, খোকসা, কুষ্টিয়া।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ.দা.), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(কম্পিউটার কেন্দ্রের আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত সকল নথিতে/ফাইলে উল্লিখিত নাম ব্যবহারের অনুরোধসহ)
১০। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খোকসা, কুষ্টিয়া।
১২। প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(কম্পিউটার কেন্দ্রের আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত সকল নথিতে/ফাইলে উল্লিখিত নাম ব্যবহারের অনুরোধসহ)
১৩। সভাপতি, আলহাজ্ব মো: সদর উদ্দিন খান দাখিল মাদ্রাসা, ডাকঘর: জানিপুর, উপজেলাঃ খোকসা, জেলাঃ কুষ্টিয়া।
১৪। পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৯৬৭৪৮৭৪

G:\Admin\Shujan\2018\1. January\08.01.2018\Kustia-14 B